

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
হিসাব নিয়ন্ত্রক (রাজস্ব) এর দপ্তর
ভূমি মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(ভবন নং-৪, ৫ম তলা)
www.coa-revenue.gov.bd

স্মারক নং- ৩১.০৫.০০০০.৭৯১.১১.০০১.১১.২৫৬

তারিখ : ২০/০৪/২০১৭খ্রিঃ।

বিষয়ঃ নিরীক্ষক (রাজস্ব) এবং অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক পদের লিখিত পরীক্ষায় কৃতকার্য প্রার্থীদের ব্যবহারিক ও মৌখিক পরীক্ষা তারিখ ও সময় প্রকাশ প্রসঙ্গে।


ভূমি মন্ত্রণালয়ের অভ্যন্তরীণ নিরীক্ষা সংস্থা হিসাব নিয়ন্ত্রক (রাজস্ব) দপ্তরের নিরীক্ষক (রাজস্ব) এবং অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক পদে লোক নিয়োগের লক্ষ্যে গত ২৪/০২/২০১৭খ্রিঃ তারিখ লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হয়। লিখিত পরীক্ষায় নিরীক্ষক (রাজস্ব) পদে ১০৪ জন এবং অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক পদে ৩৬ জন প্রার্থী কৃতকার্য হয়েছেন। লিখিত পরীক্ষার ফলাফল ভূমি মন্ত্রণালয় এবং হিসাব নিয়ন্ত্রক (রাজস্ব) দপ্তরের ওয়েবসাইটসহ জাতীয় দৈনিক পত্রিকায় প্রকাশ করা হয়েছে এবং কৃতকার্য প্রার্থীদের অনুকূলে মৌখিক ও ব্যবহারিক পরীক্ষার ইন্টারভিউ কার্ড প্রেরণ করা হয়েছে। মৌখিক ও ব্যবহারিক পরীক্ষার সময়সূচি পদওয়ারী নিম্নে প্রদত্ত হলো।

পদের নাম	মৌখিক পরীক্ষার তারিখ ও সময়	স্থান
নিরীক্ষক (রাজস্ব)	তারিখ : ০৭-০৫-২০১৭খ্রিঃ সকাল ১১-০০ ঘটিকা	ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র ৩/এ, নীলক্ষেত, কাটাবন ঢাল, ঢাকা।

- ১। প্রার্থীকে লিখিত ও মৌখিক পরীক্ষার মূল প্রবেশপত্রসহ পরীক্ষা শুরুর ২০-০০ মিনিট পূর্বে কেন্দ্রে উপস্থিত থাকতে হবে।
- ২। প্রার্থীকে তার সকল শিক্ষাগত সনদপত্রের মূলকপি অবশ্যই আনতে হবে। অন্যথায় তার মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবেনা।
- ৩। কোন বিশেষ কোটায় আবেদনকারীদের ক্ষেত্রে অবশ্যই সংশ্লিষ্ট সনদপত্রের মূলকপি আনতে হবে।
- ৪। সত্যায়নকৃত ০২(দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি সঙ্গে আনতে হবে।
- ৫। পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টি,এ/ডি,এ প্রদান করা হবে না।

পদের নাম	ব্যবহারিক পরীক্ষা		মৌখিক পরীক্ষা (শুধুমাত্র ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে প্রযোজ্য)	
	তারিখ ও সময়	স্থান	তারিখ ও সময়	স্থান
অফিস সহকারী- কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক	তারিখ : ০৬-০৫-২০১৭খ্রিঃ সকাল ১০-০০ ঘটিকা	মোহাম্মদপুর সরকারী কলেজ সাত মসজিদ রোড, ঢাকা-১২০২ (শারীরিক শিক্ষা কলেজের পার্শ্বে)	তারিখ : ০৭-০৫-২০১৭খ্রিঃ সকাল ০৯-৩০ ঘটিকা	ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র ৩/এ, নীলক্ষেত, কাটাবন ঢাল, ঢাকা।

- ১। প্রার্থীকে লিখিত ও ব্যবহারিক পরীক্ষার মূল প্রবেশপত্রসহ পরীক্ষা শুরুর ২০-০০ মিনিট পূর্বে কেন্দ্রে উপস্থিত থাকতে হবে।
- ২। ব্যবহারিক পরীক্ষার ফলাফল ঐদিন কেন্দ্রে প্রকাশ করা হবে। উক্ত পরীক্ষায় কৃতকার্য প্রার্থীগণ ০৭/০৫/২০১৭খ্রিঃ তারিখ মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করবেন।
- ৩। প্রার্থীকে মৌখিক পরীক্ষার দিন তার সকল শিক্ষাগত সনদ ও কম্পিউটার অভিজ্ঞতার সনদের মূলকপি অবশ্যই আনতে হবে। অন্যথায় তার মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবেনা।
- ৪। কোন বিশেষ কোটায় আবেদনকারীদের ক্ষেত্রে অবশ্যই সংশ্লিষ্ট সনদপত্রের মূলকপি ও পাসপোর্ট সাইজের ০২(দুই)কপি সত্যায়নকৃত ছবি সঙ্গে আনতে হবে।
- ৫। পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টি,এ/ডি,এ প্রদান করা হবে না।


(মোঃ মশিউর রহমান)
হিসাব নিয়ন্ত্রক (রাজস্ব) (চপঃ)
ও

বিতরণ :

- ১। সহকারী হিসাব নিয়ন্ত্রক (প্রশাসন), সদর দপ্তর, ঢাকা।
(হিসাব নিয়ন্ত্রক (রাজস্ব) দপ্তরের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ২। প্রোগ্রামার, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়।
(ভূমি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

সদস্য সচিব
বিভাগীয় নির্বাচন/নিয়োগ কমিটি।